Sydney Metro



Bankstown ও Sydenham-এর
মধ্যবর্তী স্টেশনগুলোর জন্য আপনার নির্দেশিকা

NSW GOVERNMENT

Transport



আদিবাসীদের ঐতিহ্যগত ভূমির স্বীকৃতি

Transport for NSW এই ভূমির ঐতিহ্যগত তত্ত্বাবধায়ক হিসেবে Gadigal, Wangal ও Bediagal জনগোষ্ঠীকে স্বীকৃতি জানায়। আমরা আদিবাসী সমাজের অতীত ও বর্তমান প্রবীণদের প্রতি শ্রদ্ধা জানাই এবং আদিবাসী জনগোষ্ঠীগুলোর বৈচিত্র্য, তাদের বহমান সংস্কৃতি ও NSW-এর ভূমি ও জলভাগের সঙ্গে তাদের সম্পর্ককে স্বীকৃতি দিই ও উদ্যাপন করি।

এই লাইনের স্টেশনগুলো এমন ঐতিহ্যগত ভূমির ওপর অবস্থিত, যা হাজার হাজার প্রজন্ম ধরে আদিবাসী জনগোষ্ঠীর জীবনধারণের অবলম্বন হয়ে এসেছে। Sydenham-এর Gumbramorra জলাভূমি থেকে শুরু করে Cooks River ও এর উপনদীগুলোর আশপাশের ভূমি হয়ে Bankstown-এ Georges River-এর অববাহিকার উজানের অংশ পর্যন্ত এই ভূদৃশ্য ছিল জলাভূমি, খাল, বনভূমি ও তৃণভূমিতে পরিপূর্ণ; বর্ষাকালে Gumbramorra জলাভূমি ফুলে উঠত এবং Gumbramorra Creek দিয়ে এর পানি Cooks River-এ গিয়ে পড়ত। নদী-খাল, জলাভূমি ও সেগুলোর সমৃদ্ধ বাস্তুতন্ত্র থেকে প্রচুর খাদ্য ও সম্পদ পাওয়া যেত, যার মধ্যে ছিল মাছ, খোলসযুক্ত জলজ প্রাণী, জলচর পাখি এবং খাদ্য, ওষুধ ও বিভিন্ন উপকরণ তৈরির জন্য উদ্ভিদ। এই ভূমি ও জলভাগ এখনো ঐতিহ্যগত তত্ত্বাবধায়কদের সাংস্কৃতিক পরিচয় ও আধ্যাত্মিক সম্পর্কের কেন্দ্রে রয়েছে; আমরা তাদের চলমান তত্ত্বাবধান এবং এই ঐতিহ্যগত ভূমির সুরক্ষা ও যত্ন নেওয়ার গুরুত্বকে স্বীকৃতি জানাই।

Sydney Metro

Sydney Metro অস্ট্রেলিয়ার বৃহত্তম গণপরিবহন প্রকল্প, যা বিশ্বমানের স্বয়ংক্রিয় ট্রেন পরিষেবার মাধ্যমে শহরের যাতায়াত ব্যবস্থায় আমূল পরিবর্তন আনছে।

2019 সালে শহরের উত্তর-পশ্চিম অংশে পরিষেবা শুরু হয় এবং 2024 সালের আগস্টে Chatswood ও Sydenham-এর মধ্যবর্তী সিটি অংশটি চালু হয়।


Sydenham থেকে Bankstown অংশটি যাত্রীদের জন্য আরও নির্ভরযোগ্য ও সহজে ব্যবহারযোগ্য পরিষেবা প্রদান করবে। মেট্রো Sydenham থেকে Bankstown পর্যন্ত সম্প্রসারিত হবে এবং নিচের স্টেশনগুলো এই লাইনে যুক্ত হবে:

- **Sydenham**
- **Marrickville**
- **Dulwich Hill**
- **Hurlstone Park**
- **Canterbury**
- **Campsie**
- **Belmore**
- **Lakemba**
- **Wiley Park**
- **Punchbowl**
- **Bankstown**

সকাল ও বিকেলের ব্যস্ততম সময়ে প্রতি 4 মিনিটে, কর্মদিবসে ব্যস্ততম সময়গুলোর মধ্যবর্তী সময়ে প্রতি 5 মিনিটে এবং অন্যান্য সময়ে প্রতি 10 মিনিটে ট্রেন চলবে। অর্থাৎ, আপনি স্টেশনে এসেই যাত্রা করতে পারবেন।

Sydney rail network

T Trains M Metro



Sydney train and metro lines

T1 North Shore & Western Line — North Shore, Western, Richmond

T2 Leppington & Inner West Line — Inner West, Leppington, City

T3 Liverpool & Inner West Line — Liverpool, City

T4 Eastern Suburbs & Illawarra Line — Eastern Suburbs, Illawarra, Cronulla

T5 Cumberland Line — Leppington, Richmond

T6 Lidcombe & Bankstown Line — Lidcombe, Bankstown

T7 Olympic Park Line — Olympic Park, Lidcombe

T8 Airport & South Line — Airport, South, City

T9 Northern Line — Northern, Gordon

M1 Metro North West & Bankstown Line — Tallawong, Bankstown

Stop · Interchange · Interchange · End of line

NORTH

Line under conversion - bus services

Line under construction

Check timetables and trip planners for train services and connections

Visit **transportnsw.info**

Copyright © 2026 Transport for NSW

545x760_SRM_20260910

M1

Metro North West & Bankstown Line

Tallawong
Bankstown

- **Bankstown**
- Punchbowl
- Wiley Park
- Lakemba
- Belmore
- Campsie
- Canterbury
- Hurlstone Park
- **Dulwich Hill**
- Marrickville
- **Sydenham**
- Waterloo
- **Central** City
- Gadigal
- **Martin Place**
- **Barangaroo**
- Victoria Cross
- Crows Nest
- **Chatswood**
- North Ryde
- Macquarie Park
- Macquarie University
- **Epping**
- Cherrybrook
- Castle Hill
- Hills Showground
- Norwest
- Bella Vista
- Kellyville
- Rouse Hill
- **Tallawong**

Transport mode interchange

All metro stations are accessible



সহজেই Sydney Trains-এ ট্রান্সফার করুন

এই প্রধান পরিবহন সংযোগকেন্দ্রগুলোতে Sydney Metro থেকে Sydney Trains ও অন্যান্য গণপরিবহন সার্ভিসে সহজেই ট্রান্সফার করা যায়। সঠিক প্ল্যাটফর্মে যাওয়ার নির্দেশনা পেতে স্টেশনের বিভিন্ন স্থানে থাকা সাইনগুলো লক্ষ করুন।

Bankstown

T6 Lidcombe এবং Bankstown Line-এ যেতে Bankstown-এ ট্রেন বদলে করুন।

Sydenham

Campbelltown-গামী T8 Airport and South Line এবং T4 Eastern Suburbs এবং Illawarra সার্ভিসে যেতে Sydenham-এ ট্রেন বদলে করুন।

Central

Circular Quay, Randwick, Kingsford ও Dulwich Hill-গামী লাইট রেল পরিষেবা, বৃহত্তর Sydney Trains নেটওয়ার্ক, Intercity Regional Network এবং NSW TrainLink আঞ্চলিক নেটওয়ার্কে যেতে Central-এ যানবাহন বদলে করুন।

Martin Place

T4 Eastern Suburbs Line দিয়ে Cronulla বা Bondi Junction-গামী সার্ভিসে যেতে Martin Place-এ ট্রেন বদলে করুন।

Chatswood

T1 North Shore Line ও T9 Northern Line-এ যেতে Chatswood-এ ট্রেন বদলে করুন।

Epping

Strathfield হয়ে Central-গামী T9 Northern Line অথবা Central Coast and Newcastle Line দিয়ে Gosford ও Newcastle Interchange-গামী সার্ভিসে যেতে Epping-এ ট্রেন বদলে করুন।



আপনার জন্য পরিকল্পিত পরিবহন ব্যবস্থা

ভাড়া পরিশোধের আরও উপায়

Sydney Metro Opal নেটওয়ার্কের অংশ। আপনি Opal কার্ড, কন্ট্যাক্টলেস সুবিধাসম্পন্ন American Express, Mastercard বা Visa কার্ড অথবা সংযুক্ত কোনো ডিভাইস দিয়ে ভাড়া পরিশোধ করতে পারবেন।))) প্রতীকটি খুঁজুন। ভাড়া পরিশোধ করতে সবসময় যাত্রা শুরুর সময় Opal রিডারে ট্যাপ অন এবং যাত্রা শেষে ট্যাপ অফ করুন। আপনি **Opal Travel অ্যাপ**, transportnsw.info, Opal বিক্রেতা অথবা নির্দিষ্ট স্টেশনগুলোর টপ-আপ মেশিনের মাধ্যমে আপনার Opal কার্ডে টাকা যোগ করতে পারবেন।

Sydney Metro, Sydney Trains এবং/অথবা NSW TrainLink Intercity সার্ভিসের মধ্যে ট্রান্সফার করার সময় কেবল প্রবেশ বা প্রস্থানের গেট পার হওয়ার প্রয়োজন হলেই আপনাকে ট্যাপ অন ও ট্যাপ অফ করতে হবে। এই পরিষেবাগুলো ব্যবহার করে করা যাতায়াতকে একটি অবিচ্ছিন্ন যাত্রা হিসেবে গণ্য করা হয় এবং দূরত্বের ভিত্তিতে একবারই ভাড়া নেওয়া হবে। আরও জানতে **transportnsw.info/opal** দেখুন



দক্ষ পরিচালনার জন্য নির্মিত

অত্যাধুনিক পরিচালনা নিয়ন্ত্রণ কেন্দ্রে কর্মরত বিশেষজ্ঞ ট্রেন নিয়ন্ত্রকরা পুরো Sydney Metro ব্যবস্থা সার্বক্ষণিক পর্যবেক্ষণ করেন। নিরাপদে ও নির্ভরযোগ্যভাবে নেটওয়ার্ক সচল রাখতে তারা মেট্রো পরিষেবা, চালকবিহীন ট্রেন, টানেল, প্ল্যাটফর্ম ও রেলপথ তদারক করেন।



নিরাপত্তাই আমাদের অগ্রাধিকার

প্ল্যাটফর্মের সুরক্ষা দরজাগুলো যাত্রীদের নিরাপদ রাখে এবং প্র্যামের মতো জিনিস রেলপথ থেকে দূরে রাখে। দরজা খোলা ও বন্ধ হওয়ার সময় আলো ও ঘণ্টাধ্বনি আপনাকে সতর্ক করে।

CCTV নজরদারির জন্য প্রতিটি স্টেশনে প্রায় 100টি এবং প্রতিটি মেট্রো ট্রেনে 38টি ক্যামেরা রয়েছে।

প্রতিটি স্টেশনে Help Points (সহায়তা কেন্দ্র) রয়েছে এবং ট্রেনের ভেতরের অডিও সহায়তা কেন্দ্রগুলো প্রয়োজনে আপনাকে সঙ্গে সঙ্গে নিয়ন্ত্রণ কেন্দ্রের কর্মীদের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবে। এছাড়াও প্রতিটি কামরায় Help Points রয়েছে।





নিরবচ্ছিন্ন মোবাইল নেটওয়ার্ক কভারেজ

পুরো মেট্রো নেটওয়ার্কে মোবাইল কভারেজ থাকায় আপনি যাত্রাপথে কল করতে, মেসেজ ও ইমেইল পাঠাতে, গান ডাউনলোড করতে বা আপনার প্রিয় অনুষ্ঠান স্ট্রিম করতে এবং সবার সঙ্গে যোগাযোগ রাখতে পারবেন।

টেকসই পরিবেশের লক্ষ্যে

আমাদের নেটওয়ার্কে ব্যবহৃত মোট জ্বালানির 100%-এর সমপরিমাণ নবায়নযোগ্য সৌরবিদ্যুৎ দিয়ে আমরা সেই ব্যবহার পুষিয়ে নিই। এছাড়াও, ট্রেনবহর ধোয়ার জন্য আমরা যে পানি ব্যবহার করি, তার 80%-এরও বেশি পুনর্ব্যবহৃত পানি।







সবার উপযোগী গণপরিবহন

130 বছরের বেশি পুরোনো বাঁকানো প্ল্যাটফর্মগুলোতে নতুন ব্যবস্থা সংযোজনের জটিলতার কারণে Marrickville ও Bankstown-এর মধ্যবর্তী স্টেশনগুলোতে ট্রেনে ওঠার ব্যবস্থায় M1 লাইনের বাকি অংশের তুলনায় বেশি তারতম্য রয়েছে। অনুগ্রহ করে ট্রেনে ওঠা ও নামার সময় সতর্ক থাকুন।

আপনার সহায়তার প্রয়োজন হলে স্টেশনের প্ল্যাটফর্মগুলোতে Help Points রয়েছে এবং প্রয়োজনে র‍্যাম্প ব্যবহারে সহায়তা করাসহ অন্যান্য সহায়তা দেওয়ার জন্য কর্মীরা আছেন। মেট্রোতে রূপান্তরিত Sydenham থেকে Bankstown অংশটি সবার ব্যবহারের উপযোগী এবং সম্প্রসারিত অংশের সব স্টেশন উন্নত করা হয়েছে, যাতে সবার যাতায়াত উল্লেখযোগ্যভাবে সহজ হয়।

Help Points (সহায়তা কেন্দ্র)

স্টেশনে দিকনির্দেশনা পেতে বা গেট পার হতে কি আপনার বাড়তি সাহায্য প্রয়োজন? সহজে ব্যবহারযোগ্য Help Points-এ ভিডিও সংযোগের মাধ্যমে আমাদের কর্মীরা আপনার প্রশ্নের উত্তর দিতে পারেন।



হুইলচেয়ারের জন্য জায়গা ও অগ্রাধিকারভিত্তিক আসন

প্রতিটি কামরায় হুইলচেয়ারের জন্য নির্দিষ্ট দুটি জায়গা এবং চলাফেরায় সীমাবদ্ধতা আছে এমন ব্যক্তিদের জন্য দরজার কাছে অগ্রাধিকারভিত্তিক আসন রয়েছে।



দেখা ও শোনার সহায়ক ব্যবস্থা

পুরো স্টেশনে স্পর্শের মাধ্যমে বোঝার উপযোগী নির্দেশক এবং ব্রেইলযুক্ত সাইন থাকায় স্টেশনের ভেতরে চলাচল সহজ হয়। অডিও ঘোষণা, হিয়ারিং লুপ পরিষেবা ও Help Points-এর মাধ্যমে পরিষেবার তথ্য সবার কাছে পৌঁছে দেওয়া হয়।



প্র্যাম, সাইকেল ও লাগেজ রাখার জায়গা

প্র্যাম, সাইকেল বা লাগেজ নিয়ে ভ্রমণকারী যাত্রীরা যেন ট্রেনের ভেতরে সহজে ওঠানামা ও চলাচল করতে পারেন, সেভাবেই প্রতিটি মেট্রো ট্রেন তৈরি করা হয়েছে।



সাহায্য প্রয়োজন?

মেট্রো স্টেশনের যাত্রীসেবা সমন্বয়কারীরা (Customer Journey Coordinators) প্ল্যাটফর্মে যেতে সাহায্য করতে পারেন এবং ট্রেন বদল করার জন্য সহায়তার ব্যবস্থা করতে পারেন। তারা অপ্রকাশ্য প্রতিবন্ধিতা আছে এমন ব্যক্তিদের Sunflower ল্যানইয়ার্ড (গলায় ঝোলানো ফিতা) চিনতে প্রশিক্ষণও পেয়েছেন এবং বাড়তি সহায়তা দিতে পারেন।










Sydney Metro-তে নিরাপদে ভ্রমণ

প্রতিটি যাত্রা নিরাপদ করতে এই পদক্ষেপগুলো অনুসরণ করুন:



ঘণ্টাধ্বনি ও ঝলকানো আলোর অর্থ দরজা বন্ধ হচ্ছে। পিছিয়ে দাঁড়ান এবং মনে রাখুন, ঘনঘন ট্রেন আসে।




প্ল্যাটফর্মজুড়ে ছড়িয়ে দাঁড়ান এবং সব দরজা ব্যবহার করুন। এতে দ্রুত ও নিরাপদে ট্রেনে উঠতে সুবিধা হয়।



উভয় সেট দরজা খোলার জন্য অপেক্ষা করুন। এতে দ্রুত ও নিরাপদে ট্রেনে উঠতে সুবিধা হয়।



বন্ধ হতে থাকা দরজা থেকে দূরে দাঁড়ান। মেট্রোর দরজা দ্রুত বন্ধ হয়।



দ্রুত ও নিরাপদে ট্রেনে উঠতে দরজার দুই পাশে সারিবদ্ধভাবে দাঁড়ান।



ট্রেনে ওঠা ও নামার সময় আপনার শিশুর হাত ধরে রাখুন। মেট্রোর দরজা দ্রুত খোলে ও বন্ধ হয়।



ট্রেনের ভেতরে থাকাকালে হাতল ধরে থাকুন। মেট্রো দ্রুত গতি বাড়াতে পারে।



মেট্রোর এস্কেলেটরগুলো বেশ খাড়া হতে পারে। হাতল ধরে থাকুন।


ট্রেনে ওঠার সময়



সৌজন্য বজায় রেখে ভ্রমণ
যার প্রয়োজন তাকে আপনার আসন ছেড়ে দিন, যেমন বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি বা চলাফেরায় অসুবিধা আছে এমন ব্যক্তি, গর্ভবতী ব্যক্তি কিংবা শিশু নিয়ে ভ্রমণকারী ব্যক্তি।



আপনার ব্যাকপ্যাকের দিকে খেয়াল রাখুন
ব্যাকপ্যাকের হাতল ধরে বহন করুন। দাঁড়িয়ে থাকলে অন্যদের অসুবিধা এড়াতে এটি আপনার দুই পায়ের মাঝখানে মেঝেতে রাখুন।



জায়গা করে দিন
প্র্যাম, ব্যাগ, সাইকেল বা বোর্ড দিয়ে দরজা বা চলাচলের পথ আটকে রাখবেন না। অন্যদের বাধাহীনভাবে ট্রেনে উঠতে ও নামতে দিন।



ধূমপান বা ভেপিং
গণপরিবহনের ভেতরে বা স্টেশনে ধূমপান বা ভেপিং নিষিদ্ধ। অমান্য করলে জরিমানা করা হবে।

ভ্রমণ সম্পর্কিত পরামর্শ

যাতায়াতের ধরনে ছোট কিছু পরিবর্তন আপনার যাত্রা আরও আরামদায়ক, নির্বিঘ্ন ও সাশ্রয়ী করে তুলতে পারে।



আগে থেকে পরিকল্পনা করুন
সোমবার ও শুক্রবার ভ্রমণের কথা বিবেচনা করুন, যখন সার্ভিসগুলোতে ভিড় কম থাকে।




ব্যস্ত সময় এড়িয়ে চলুন
ব্যস্ত সময় এড়াতে আপনার কর্মদিবস একটু আগে বা পরে শুরু করুন।



কম খরচে ভ্রমণ করুন
শুক্রবার, সাপ্তাহিক ছুটির দিন, সরকারি ছুটির দিন এবং ব্যস্ততম সময়ের বাইরে ভ্রমণ করলে 30% ছাড় পান।

Bankstown Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Approximate travel times from Bankstown

to Central	28 minutes
to Martin Place	32 minutes
to Victoria Cross	37 minutes
to Chatswood	43 minutes
to Tallawong	80 minutes

Getting to and from Bankstown

- Taxi
- Kiss and Ride
- Accessible parking spaces (3)
- Commuter car park spaces (144)

Facilities

- Toilets
- Baby change table
- Accessible toilets
- Bike shed spaces (36)
- Bike spaces (40)
- Shared bike parking

Walking and Riding

- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand A – Stop no: 2200375	
487	Canterbury
922	East Hills
923	Panania
924	East Hills
925	East Hills
926	Revesby Heights
M90	Liverpool

Stand B – Stop no: 2200374	
944	Roselands
945	Hurstville
950	Hurstville
960	Sutherland

Stand C – Stop no: 2200373
Arrivals only

Stand D – Stop no: 2200376	
905	Fairfield
907	Parramatta
908	Merrylands

Stand D – Continued	
909	Parramatta
910	Parramatta
911	Auburn
950	Bankstown


Stand E – Stop no: 2200377	
913	Strathfield
920	Parramatta
925	Lidcombe
939	Greenacre
940	Hurstville
946	Roselands
960	Bankstown
M90	Burwood

Stand F – Stop no: 2200378
Services to Bankstown: **487, 922, 923, 924, 926, 944, 945**

Stand G – Stop no: 2200343	
N40	City Town Hall/East Hills

Punchbowl Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Getting to and from Punchbowl

- Taxi
- Accessible parking spaces (2)
- Kiss and Ride
- Commuter car park spaces (137)

Facilities

- Toilets
- Bike spaces (34)
- Baby change table
- Shared bike parking
- Accessible toilets

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand B – Stop no: 2196233	
938	Lakemba
941	Hurstville
944	Roselands
N40	City Town Hall
Stand C – Stop no: 2196242	
938	Mount Lewis
941	Chullora Marketplace
944	Bankstown
N40	East Hills
Stop no: 2196143	
938	Lakemba
940	Hurstville
941	Hurstville
Stop no: 2196111	
938	Mount Lewis
940	Bankstown
941	Chullora Marketplace

Wiley Park Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Getting to and from Wiley Park

- Taxi
- Accessible parking spaces (1)
- Kiss and Ride
- Commuter car park spaces (26)

Facilities

- Toilets
- Bike spaces (18)
- Baby change table
- Shared bike parking
- Accessible toilets

Walking and Riding

- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stop no: 219554	
942	Riverwood
Stop no: 219561	
942	Campsie

Lakemba Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Lakemba

Getting to and from Lakemba

- Taxi
- Accessible parking spaces (5)
- Kiss and Ride
- Commuter car park spaces (126)

Facilities

- Toilets
- Bike spaces (32)
- Baby change table
- Shared bike parking
- Accessible toilets

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand A – Stop no: 219515	
450	Hurstville
938	Mount Lewis
942	Campsie
946	Roselands
Stand B – Stop no: 219514	
450	Strathfield
942	Riverwood
946	Bankstown
N40	East Hills
Stand C	
Arrivals only	
Stand D – Stop no: 2195118	
N40	City Town Hall
Stand E – Stop no: 219527	
938	Mount Lewis
N40	East Hills

Belmore Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Belmore

Getting to and from Belmore

- Taxi
- Kiss and Ride
- Accessible parking spaces (1)
- Commuter car park spaces (79)

Facilities

- Toilets
- Baby change table
- Accessible toilets
- Bike spaces (32)
- Shared bike parking

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stop no: 219211	
415	Campsie
942	Riverwood
N40	East Hills
Stop no: 219223	
415	Chiswick
942	Campsie

Campsie Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Campsie

Getting to and from Campsie

- Taxi
- Kiss and Ride
- Accessible parking spaces (5)
- Commuter car park spaces (132)

Facilities

- Toilets
- Baby change table
- Accessible toilets
- Bike shed spaces (18)
- Bike spaces (30)
- Shared bike parking

Walking and Riding

- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand B – Stop no: 219411	
410	Macquarie Park
420	Burwood
490	Drummoyne
492	Drummoyne
Stand C – Stop no: 219417	
410	Hurstville
420	Mascot Station
490	Hurstville
492	Rockdale
N40	City Town Hall
Stand D – Stop no: 219416	
487	Canterbury
Stand E – Stop no: 219415	
412	City Martin Place
415	Chiswick
445	Balmain
473	Rockdale

Stand E – Continued	
487	Bankstown
N40	East Hills
Stand G – Stop no: 219481	
413	Central Pitt St
942	Riverwood

Canterbury Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Approximate travel times from Canterbury

to Central	16 minutes
to Martin Place	20 minutes
to Victoria Cross	25 minutes
to Chatswood	31 minutes
to Tallawong	68 minutes

Getting to and from Canterbury

- Taxi
- Kiss and Ride
- Accessible parking spaces (1)
- Commuter car park spaces (79)

Facilities

- Toilets
- Baby change table
- Accessible toilets
- Bike spaces (28)
- Shared bike parking

Walking and Riding


- Bike route
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand A – Stop no: 219323	
428	City Martin Place
428X	City Martin Place
Stand B – Stop no: 219324	
487	Bankstown
Stand E – Stop no: 219321	
445	Balmain
487	Canterbury
491	Five Dock
N30	City Town Hall
N40	City Town Hall
Stand F – Stop no: 2193105	
445	Campsie
487	Bankstown
491	Hurstville
N30	Macarthur
N40	East Hills

Hurlstone Park Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Approximate travel times from Hurlstone Park

to Central	14 minutes	M T L
to Martin Place	18 minutes	M T
to Victoria Cross	23 minutes	M
to Chatswood	29 minutes	M T
to Tallawong	66 minutes	M

Getting to and from Hurlstone Park

- Taxi
- Accessible parking spaces (1)
- Kiss and Ride

Facilities

- Toilets
- Bike spaces (22)
- Baby change table
- Shared bike parking
- Accessible toilets

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stop no: 219311	
406	Five Dock
418	Burwood
N40	East Hills
Stop no: 219312	
406	Hurlstone Park
N40	City Town Hall
Stop no: 219316	
418	Tempe

Dulwich Hill Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Approximate travel times from Dulwich Hill

to Central	12 minutes	M T L
to Martin Place	16 minutes	M T
to Victoria Cross	21 minutes	M
to Chatswood	27 minutes	M T
to Tallawong	64 minutes	M

Getting to and from Dulwich Hill

- Taxi
- Accessible parking spaces (2)
- Kiss and Ride
- Commuter car park spaces (39)

Facilities

- Toilets
- Bike spaces (40)
- Baby change table
- Shared bike parking
- Accessible toilets

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stop no: 220432	
412	Campsie
Stop no: 220433	
412	City Martin Place

Marrickville Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Getting to and from Marrickville

- Taxi
- Accessible parking spaces (2)
- Kiss and Ride

Facilities

- Toilets
- Bike shed spaces (23)
- Baby change table
- Bike spaces (6)
- Accessible toilets
- Shared bike parking

Walking and Riding


- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stop no: 2204101	
423	Kingsgrove
423X	Kingsgrove
N40	East Hills
Stop no: 2204102	
423	City Martin Place
423X	City Martin Place
N40	East Hills

Sydenham Station

Plan your trip
transportnsw.info/trip
or scan this QR code



Approximate travel times from Sydenham

to Central	7 minutes
to Martin Place	11 minutes
to Victoria Cross	16 minutes
to Chatswood	22 minutes
to Tallawong	59 minutes

Getting to and from Sydenham

- Taxi
- Kiss and Ride

Facilities

- Toilets
- Baby change table
- Accessible toilets
- Bike shed spaces (90)
- Bike spaces (30)
- Shared bike parking

Walking and Riding

- Bike route
- Shared path
- On-road riding route: involves mixed traffic, generally lower speeds

Bus connections

Stand A – Stop no: 204421	
418	Burwood
430	Central Eddy Ave
Stand E – Stop no: 204439	
358	Randwick
418	Tempe





নতুন মেট্রো নেটওয়ার্কজুড়ে সাইকেল আরোহীদের জন্য দারুণ খবর

সাইকেল আরোহীদের সবচেয়ে বেশি প্রয়োজন এমন জায়গাগুলোতে নিরাপদ ও সুবিধাজনক সাইকেল পার্কিং থাকায় সাইকেলে নতুন মেট্রো স্টেশনগুলোতে যাওয়া এখন আরও সহজ।

মেট্রো স্টেশনগুলোতে নতুন ও উন্নত সাইকেল পার্কিং সুবিধা চালু করা হয়েছে, যার মধ্যে রয়েছে সুরক্ষিত সাইকেল শেড ও খোলা জায়গায় সাইকেল পার্কিংয়ের ব্যবস্থা, যা স্টেশন এলাকা ও আশপাশের এলাকার মধ্যে সহজ যাতায়াতে সহায়তা করে। স্টেশনে যাতায়াত আরও সহজ, নিরাপদ ও সুবিধাজনক করতে সাইকেল আরোহীরা এখন এসব সুবিধা ব্যবহার করতে পারেন।

	সাইকেলে পার্কিং	সাইকেলে রাখার শেড
Sydenham	✓	✓
Marrickville	✓	✓
Dulwich Hill	✓	–
Hurlstone Park	✓	–
Canterbury	✓	–
Campsie	✓	✓
Belmore	✓	–
Lakemba	✓	–
Wiley Park	✓	–
Punchbowl	✓	–
Bankstown	✓	✓

সাইকেলে ও হেঁটে যাতায়াতের উপায়

নতুন মেট্রো স্টেশনগুলোতে যাওয়ার জন্য হাঁটা ও সাইকেল চালানোর পথগুলো সম্পর্কে জানুন। আপনার যাত্রা সহজ করতে দরকারি পরামর্শ ও কৌশল জানুন।

সাইকেল চালানোর পথ

এই পথগুলো মূলত বিদ্যমান সাইকেলপথ, হাঁটা ও সাইকেল চালানোর জন্য যৌথভাবে ব্যবহৃত পথ এবং কম যানবাহন চলাচল করে এমন রাস্তা দিয়ে গেছে। শুধু সাইনগুলো অনুসরণ করুন।

আরও জানতে QR কোড স্ক্যান করুন।

দৈনন্দিন যাতায়াতে শরীর সচল রাখুন

আপনার দৈনন্দিন যাতায়াতের পুরোটা বা কিছু অংশ সাইকেলে বা হেঁটে গেলে শারীরিক স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি হয়।



সাইকেলে যাতায়াত সহজ করা

সাইকেলে নতুন মেট্রো স্টেশনগুলোতে যাওয়া এখন আরও সহজ, নিরাপদ ও সুবিধাজনক। মেট্রো স্টেশনগুলোতে নতুন ও উন্নত সাইকেল পার্কিং সুবিধা চালু করা হয়েছে, যার মধ্যে রয়েছে সুরক্ষিত সাইকেল শেড ও খোলা জায়গায় পার্কিংয়ের ব্যবস্থা।

আপনি নতুন শুরু করুন বা অনেক অভিজ্ঞ হোন, বিনামূল্যের সাইকেল চালানো বা হাঁটার কোর্সগুলো আপনার দৈনন্দিন যাতায়াতে পরিবর্তন আনতে পারে।

আসন্ন বিনামূল্যের সাইকেল চালানো ও হাঁটার কোর্স সম্পর্কে আপডেট পেতে আপনার আগ্রহ জানান, QR কোড স্ক্যান করুন অথবা **travelchoices@transport.nsw.gov.au** ঠিকানায় ইমেইল করুন

সাইকেল রাখার শেড ও লকার

কোথায় শেড বা লকারে নিরাপদে আপনার সাইকেল রাখতে পারবেন তা জানুন। NSW-জুড়ে মেট্রো স্টেশন, ট্রেন স্টেশন, নৌঘাট ও পরিবহন সংযোগকেন্দ্রগুলোতে সাইকেল রাখার সুরক্ষিত শেড ও লকার রয়েছে।

সাইকেল পার্কিং

নতুন ও উন্নত সাইকেল পার্কিং সুবিধা থাকায় স্টেশনে আসা-যাওয়া এখন নিরাপদ, সুবিধাজনক ও সহজ।

আরও জানতে QR কোড স্ক্যান করুন।

সাইকেল শেড ব্যবহার করা সহজ

অংশগ্রহণকারী সুরক্ষিত সাইকেল শেডগুলো ব্যবহার করতে QR কোড স্ক্যান করুন এবং আপনার Opal কার্ড সংযুক্ত করুন। এই সুবিধা আছে এমন স্থানগুলোতে বুকিংয়ের প্রয়োজন নেই।

সক্রিয় হতে প্রায় 5 মিনিট সময় লাগে।



গণপরিবহনে সাইকেল নিয়ে ভ্রমণ

পর্যাপ্ত জায়গা থাকলে NSW-এর অধিকাংশ গণপরিবহন সার্ভিসে সাইকেল নিয়ে ভ্রমণ করতে পারবেন। আপনার সাইকেল যেন অন্য যাত্রীদের আসন পেতে বাধা সৃষ্টি না করে।

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে এটি অন্য যাত্রীদের জন্য অসুবিধা বা ঝুঁকির কারণ না হয়।

আরও জানতে QR কোড স্ক্যান করুন।

© Transport for NSW

এই নির্দেশিকায় দেওয়া তথ্য মুদ্রণের সময়ে সঠিক এবং তা কেবল দিকনির্দেশনার জন্য দেওয়া হয়েছে। পরিবহন পরিষেবা ও নেটওয়ার্কের তথ্য সময়ের সঙ্গে পরিবর্তিত হতে পারে।

সর্বশেষ তথ্যের জন্য **transportnsw.info** দেখুন।

এখনই বিনামূল্যের অ্যাপটি ডাউনলোড করুন

Opal Travel অ্যাপ ডাউনলোড করতে আপনার ফোন দিয়ে QR কোড স্ক্যান করুন অথবা আপনার App Store বা Google Play Store-এ যান।

Download on the App Store

GET IT ON Google Play

App Store® হলো Apple Inc.-এর একটি ট্রেডমার্ক। Google Play এবং Google Play লোগো হলো Google LLC-এর ট্রেডমার্ক।